

“বিজ্ঞপ্তি”

ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর বিধি-৮ এ উপ-বিধি-৫ মোতাবেক ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স এর মেয়াদ ইস্যুর তারিখ হতে ০২ (দুই) বৎসর নির্ধারিত আছে। কাস্টম হাউস, ঢাকা হতে যে সকল ফ্রেইট ফরওয়ার্ডার্স লাইসেন্স ইস্যু করা হয়েছে। সে সকল লাইসেন্সের মেয়াদ ০২ (দুই) বৎসর পূর্তির পূর্বেই একই বিধিমালার বিধি-৯ এর উপবিধি-(১) ও (২) মোতাবেক পরবর্তী ০২ (দুই) বৎসর মেয়াদে নবায়নের জন্য লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের পূর্বেই লাইসেন্সিং কর্তৃপক্ষ, কাস্টম হাউস, ঢাকার বরাবরে নিম্ন-বর্ণিত তথ্য-উপাত্ত ও দলিলপত্র সহ নবায়নের আবেদনপত্র দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো :-

(ক)	লাইসেন্স নবায়নের জন্য ৫/= টাকার কোর্ট ফি সম্বলিত লেটার হেড প্যাডে আবেদন পত্র;
(খ)	নবায়ন ফি বাবদ-১০,০০০/- (দশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার; ( কমিশনার অর কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা এর বরাবরে)
(গ)	হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি;
(ঘ)	হালনাগাদ পরিশোধিত আয়কর সনদপত্রে সত্যায়িত অনুলিপি;
(ঙ)	প্রযোজ্য ক্ষেত্রে Foreign Exchange Regulation Act.1947 এর শর্ত মোতাবেক বাংলাদেশ ব্যাংকের অনুমোদনপত্রের সত্যায়িত অনুলিপি;
(চ)	বিগত ২(দুই) বৎসর মেয়াদের কার্য-সম্পাদনের তালিকা;
(ছ)	অফিস ভাড়া প্রমাণ স্বরূপ শেষ ০৬(ছয়) মাসের পরিশোধিত ৯% ভ্যাট এর কপি;
(জ)	ঢাকাস্থ অফিস ঠিকানায় ব্যবসার প্রকৃতি উল্লেখপূর্বক মূসক সনদপত্রের কপি;
(ঝ)	বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এ্যাসোসিয়েশন এর মেম্বারশীপ সনদপত্রে সত্যায়িত অনুলিপি;
(ঞ)	ব্যাংক সলভেন্সি সনদপত্রে সত্যায়িত অনুলিপি;
(ট)	তালিকাভুক্তির ক্ষেত্রে মূল লাইসেন্সের হালনাগাদ সত্যায়িত অনুলিপি;

১৫/১১/১১  
(মোহাম্মদ লুৎফর রহমান)  
জয়েন্ট কমিশনার

ও  
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ  
কাস্টম হাউস, ঢাকা।

নথি নং-৫(২০)৪৮/ফ্রেইট ফরওয়ার্ডার্স/বিধিমালা/২০০৬/ ৬৪২৭(৫)  
অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য :-

০১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এ্যাসোসিয়েশন, বাড়ী-৪৫ (৪র্থ তলা), রোড-১৭, বনানী সি/এ, ঢাকা। (আপনার/আপনাদেরকে সকল ফ্রেইট ফরওয়ার্ডার্স এজেন্টকে এ দপ্তরে যথাসময়ে লাইসেন্স নবায়নের আবেদনপত্র দাখিলের বিষয়টি জানানোর অনুরোধ করা হলো)

সদয় অবগতির জন্য :-

- ০১। পি এ টু কমিশনার (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য), কাস্টম হাউস, ঢাকা।
- ০২। পি এ টু অতিরিক্ত কমিশনার (অতিরিক্ত কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। পি এ টু জয়েন্ট কমিশনার (জয়েন্ট কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য), কাস্টম হাউস, ঢাকা।

১৫/১১/১১  
১১/০৫/২০১১  
(মোঃ জিয়াউর রহমান খান)  
এসিস্টেন্ট কমিশনার

ও  
সদস্য, লাইসেন্সিং কর্তৃপক্ষ  
কাস্টম হাউস, ঢাকা।